

ব্রাক্‌বি শিক্ষার্থীদের বৃত্তির টাকা

দক্ষিণ এশিয়ার কৃষিশিক্ষার সর্বশ্রেষ্ঠ বিদ্যাপীঠ বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়। প্রতি বছর এখানে ভর্তি হয় প্রায় ১২০০ শিক্ষার্থী। বেশিরভাগই আসে দরিদ্র ও মধ্যবিত্ত পরিবার থেকে। অনেক শিক্ষার্থীই তাদের পড়াশোনাসহ আনুষঙ্গিক ব্যয় চালাতে হিমশিম খায়। সেজন্য বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ ১৯৮০ সাল থেকেই শিক্ষার্থীদের একটি মাসিক বৃত্তি দিয়ে আসছেন। প্রতিটি শিক্ষার্থীকে মাসিক ২০০ টাকা করে বছরে মোট ১২০০ টাকা দেওয়া হয়। অত্যন্ত দুঃখের বিষয় যে ১৯৮০ সাল থেকে বৃত্তির টাকা একই রয়েছে; যেখানে অন্যান্য ফি, যেমন ভর্তি ফি ১৮০০ টাকা এবং সেমিস্টার ফি ৩০০ টাকা থেকে বৃদ্ধি পেয়ে হয়েছে যথাক্রমে ৬২০০ এবং ১২০০ টাকা। এছাড়া গত তিন দশকে দ্রব্যমূল্য বৃদ্ধি বেড়েছে ৫-১০ গুণ। যার ফলে দরিদ্র এবং মধ্যবিত্ত পরিবার থেকে আসা শিক্ষার্থীদের পক্ষে পড়ালেখা এবং আনুষঙ্গিক ব্যয় চালানো দুর্বিসহ হয়ে উঠেছে। বিষয়টির প্রতি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষের দৃষ্টি আকর্ষণ করছি এবং শিক্ষার্থীদের বৃত্তির টাকা বাড়ানোর জন্য বিনীত আবেদন জানাচ্ছি।

রাব্বুল হাসান
শিক্ষার্থী, মাৎস্যবিজ্ঞান অনুষদ
বাংলাদেশ কৃষি বিশ্ববিদ্যালয়, মাদারীপুর